

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/28/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

সম্পত্তি করের স্তর স্থায়ী করতে এবং মধ্যবিত্তের কর কর্তন করতে গভর্নর কুওমো মধ্যবিত্তের জন্য করের ন্যায্যতার প্রচারাভিযান আরম্ভ করলেন

স্থায়ী সম্পত্তি করের স্তরের মাধ্যমে আগামী 10 বছরে করদাতারা কত কর সাশ্রয় করতে পারবেন তা তুলে ধরতে [ডিজিটাল ট্যাক্স ক্যালকুলেট](#) প্রকাশ করেছেন

সম্পত্তি করের স্তর স্থায়ী করতে এবং মধ্যবিত্তের কর কর্তন করতে গভর্নর কুওমো আজ মধ্যবিত্তের জন্য করের ন্যায্যতার প্রচারাভিযান (Tax Fairness for the Middle Class Campaign) আরম্ভ করেছেন। একটি স্থায়ী সম্পত্তি করের স্তরের সুবিধাগুলি সুস্পষ্টভাবে ব্যাখ্যা করতে, সম্পত্তি করের স্তর অনুযায়ী করদাতারা কতটা কর সাশ্রয় করেছেন এবং আগামী 10 বছরে একটি স্থায়ী সম্পত্তি করের স্তরের মাধ্যমে কতটা কর সাশ্রয় করতে পারবেন তা তুলে ধরার জন্য গভর্নর কুওমো একটি [ডিজিটাল ট্যাক্স ক্যালকুলেট](#) প্রকাশ করেছেন।

"দেশের মধ্যে নিউ ইয়র্কে সম্পত্তির কর সবথেকে বেশি এবং আমরা আমাদের ঐতিহাসিক 2 শতাংশ স্থানীয় সম্পত্তি করের স্তর পাশ করার আগে পর্যন্ত নিউ ইয়র্কবাসীদের উপর তাদের বাড়ির জন্য করের বোঝা চাপানো হত", **গভর্নর কুওমো বলেন।** "এখন যুক্তরাষ্ট্রীয় সরকার আমাদের পিছনের দিকে নিয়ে যাচ্ছেন এবং স্টেট এবং স্থানীয় কর ডিডাকশনগুলির উপর তার বিধ্বংসী মাত্রার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের উপর কার্যকরভাবে কর বৃদ্ধি করছেন। আমাদের স্থানীয় সম্পত্তি করের স্তর স্থায়ী করতে হবে, মধ্যবিত্তের কর কর্তন করতে হবে এবং স্টেট এবং স্থানীয় কর (State and Local Tax, SALT) এর সাথে লড়াই করতে হবে যাতে খেটে খাওয়া মানুষেরা বুঝতে পারেন যে আমরা তাদের পাশে আছি।"

"খেটে খাওয়া মানুষদের জন্য কর কমানো এই প্রশাসনের কাছে সবসময়ের মত সবথেকে গুরুত্বপূর্ণ, এবং করের স্তর স্থায়ী করলে তা আর্থিক বোঝা কমাতে সহায়তা করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নতুন যুক্তরাষ্ট্রীয় কর ব্যবস্থার মাধ্যমে যখন মধ্যবিত্ত জনসাধারণ ও তাদের পরিবারবর্গকে আক্রমণ করা হচ্ছে, তখন আমরা সকলের জন্য করের ন্যায্যতা নিশ্চিত করতে লড়াই করা অব্যাহত রেখেছি।"

2011 সালে, গভর্নর কুওমো স্থায়ীভাবে এবং সকলের জন্য সম্পত্তি কর নিয়ন্ত্রণে নিয়ে আসার শপথ করেছিলেন। সম্পত্তি করের স্তর স্থায়ী করার জন্য কয়েক বছর ধরে চেষ্টা করার পর, নিউ ইয়র্ক সর্বপ্রথম 2% সম্পত্তি কর পাশ করেছে। 2012 সালে করের স্তর বাস্তবায়িত করার পরে, 2000 থেকে 2010 সাল পর্যন্ত সম্পত্তি করের দশ বছরের গড় বৃদ্ধি 5.3% থেকে বেড়ে বছরে 1.9% হয়েছে, এবং স্টেট জুড়ে 24.4 বিলিয়ন ডলার করদাতার সাশ্রয় তৈরি করেছে। সম্পত্তি করের স্তর স্টেটের দীর্ঘমেয়াদী প্রবণতা এবং দিশা পরিবর্তন করেছে।

প্রচারাভিযানটির অংশ হিসাবে, গভর্নর তার ঐতিহাসিক মধ্যবিত্ত কর কর্তনের কাজে প্রতিশ্রুতিবদ্ধ থেকেছেন। এইসব সংস্কারগুলি অনুযায়ী, আয়ের উপর ভিত্তি করে মধ্যবিত্তদের জন্য করের হার 5.5 শতাংশ ও 6 শতাংশ

নেমে যাবে, যখন কর্তনের হারগুলি সম্পূর্ণভাবে কার - মধ্যবিত্তের জন্য আয়কর কর্তনের হার 20 শতাংশ পর্যন্ত কমে যাবে - এবং 2025 সাল নাগাদ মধ্যে ছয় মিলিয়ন কর প্রদানকারীর জন্য প্রায় 4.2 বিলিয়ন ডলার বার্ষিক সাশ্রয় তৈরি হবে। নতুন হার ফেজ-ইন হওয়ার সাথে, এটি হবে 70 বছরের মধ্যে স্টেটের মধ্যবিত্ত শ্রেণীর জন্য সর্বনিম্ন কর হার।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো রাষ্ট্রপতি ট্রাম্পের সাথে গতকালের বৈঠকের পর আজ পূর্ণ স্টেট এবং স্থানীয় কর রেয়াতের অবসান ঘটানোর বিধ্বংসী প্রভাব নিয়ে করের ন্যায্যতার জন্য লড়াইয়ের একটি দেশব্যাপী প্রচারাভিযান শুরু করেছেন, যা নিউ ইয়র্ক এবং অন্যান্য প্রধান গণতান্ত্রিক স্টেটগুলিতে পরোক্ষভাবে প্রভাবিত করেছে। ডিসেম্বর ও জানুয়ারি মাসে নিউ ইয়র্কে ব্যক্তিগত আয়কর পরিশোধ থেকে প্রাপ্ত অর্থরাশিতে 2.3 বিলিয়ন ডলার হ্রাস পরিলক্ষিত হয়েছে। একই সময়কালের অনুরূপ অবস্থার স্টেটগুলির ফলাফলের সাথে নিউ ইয়র্কের রাজস্ব হ্রাস পাওয়া সম্ভবপূর্ণ। সম্পূর্ণ SALT কর্তনযোগ্যতা পুনরুদ্ধার করতে এবং প্রধান গণতান্ত্রিক রাজ্যগুলিতে বৈষম্যমূলক অর্থনৈতিক আক্রমণ বন্ধ করতে গভর্নর কংগ্রেসকে আহ্বান করেছেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)